সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ হতে জুন ৩০, ২০১৮ পর্যন্ত

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | কোস্ট গার্ড বাহিনীর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ২ |
| ২ | উপক্রমনিকা | ৩ |
| ৩ | সেকশান ১ঃ কোস্ট গার্ড বাহিনীর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৪ |
| ৪ | সেকশান ২ ঃ কোস্ট গার্ড বাহিনীর বিভিন্ন কার্যক্রমের প্রভাব (Outcome) | ৫ |
| ৫ | সেকশান ৩ ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৯ |
| ৬ | অঙ্গীকারনামা | ১০ |
| ৭ | সংযোজনী ১ ঃ শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| ৮ | সংযোজনী ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১২-১৩ |
| ৯ | সংযোজনী ৩ ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৪ |

## কোস্ট গার্ড বাহিনীর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Bangladesh Coast Guard Force)

**সাম্প্রতিক অর্জন ঃ**

বাংলাদেশের জলসীমায় জাতীয় স্বার্থ সংরক্ষণে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী সার্বক্ষণিকভাবে নিয়োজিত থেকে বাংলাদেশের জলসীমা বিশেষ করে উপকূল অঞ্চলে অবৈধ কার্যকলাপ পূর্বের তুলনায় হ্রাস করতে পেরেছে। এছাড়া উপকূল অঞ্চলে উপজেলা পরিষদ নির্বাচন, পৌরসভা নির্বাচন, সিটি কর্পোরেশান নির্বাচন, ইউনিয়ন পরিষদ নির্বাচন সাফল্যের সাথে সম্পন্নকরণে অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর সাথে একযোগে কাজ করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী বিগত তিন বছরে ৭৫৬ জন বনদস্যু/ডাকাত/চোরাকারবারী, ১৬০ টি অবৈধ আগ্নেয়াস্ত্র, ২৫১৪ রাউন্ড তাজা গোলা, ৩১৮ জন অপহৃত বিপন্ন জেলে ও ২২ টি বোট উদ্ধার, অবৈধভাবে সমুদ্রপথে বিদেশ গমনকালে ৪৮০ জন আটক এবং ২৬৫ জন মায়ানমার নাগরিককে ১৩ টি মায়ানমার বোটসহ পুশব্যাক করেছে। দ্রুতগতিসম্পন্ন জলযান সংযোজনের ফলে যে কোন পরিস্থিতি মোকাবেলায় কোস্ট গার্ড বাহিনীর প্রতিক্রিয়ার সময় উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ফলে কোস্ট গার্ড বাহিনী বর্তমানে তড়িৎ গতিতে যে কোন অপরাধ মোকাবেলা করতে সক্ষম। জাটকা নিধন প্রতিরোধ ও মা ইলিশ সংরক্ষণ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কার্যকরী ভূমিকার জন্য পূর্বের তুলনায় ইলিশ উৎপাদন বহুগুণে বৃদ্ধি পেয়েছে।

পটুয়াখালীতে কোস্ট গার্ড বাহিনীর একটি পূর্ণাঙ্গ প্রশিক্ষণ ঘাঁটি নির্মাণকার্য গত ৩০ জুন ২০১৪ সমাপ্ত হয়েছে, যা বিগত ১১ ডিসেম্বর ২০১৪ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর সদস্যগণকে অনুপ্রাণিত করার পাশাপাশি তাদের কাজের স্বীকৃতিস্বরূপ গত ১৫ ফেব্রুয়ারি ২০১৫ কোস্ট গার্ড বাহিনীর প্রতিষ্ঠাবার্ষিকীতে মানানীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান করা হয়েছে।

ইতালি হতে ক্রয়কৃত ০৪টি লিডার ক্লাস ওপিভি-র মধ্যে সিজিএস তাজউদ্দীন ও সিজিএস সৈয়দ নজরুল গত ০২ নভেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশে আগমন করেছে এবং বিগত ১২ জানুয়ারি ২০১৭ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাহাজ ০২টি কমিশানিং করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, ০২টি ওপিভি আগামী অক্টোবর ২০১৭ নাগাদ কোস্ট গার্ড বাহিনীতে সংযোজিত হবে বলে আশা করা যাচ্ছে। সিজিএস তাজউদ্দীন গত ৩০ জানুয়ারি ২০১৭ ভারতে শুভেচ্ছা সফর গমন করে; এটি ছিল কোস্ট গার্ড বাহিনীর কোন জাহাজের বিদেশে প্রথম শুভেচ্ছা সফর।

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর সক্ষমতা বৃদ্ধির জন্য রাজস্ব বাজেটের আওতায় ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ অর্থ বছরে ০৭টি পন্টুন, ০৭টি জিআরপি বোট ও ০১টি আরআইবি বোট নির্মাণ শেষে কোস্ট গার্ড বাহিনী বহরে যুক্ত হয়েছে। এছাড়া চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের ১০ কোটি টাকা ব্যয়ে ০৭টি ফ্ল্যাট ডেক পন্টুন ও ৭ কোটি টাকা ব্যয়ে ০৪টি সেলফ সাসটেইন্ড পন্টুন নির্মাণাধীন রয়েছে, যা খুব শীঘ্রই কোস্ট গার্ড বাহিনী বহরে যুক্ত হবে বলে আশা করা যাচ্ছে।

কোস্ট গার্ড বাহিনীকে শক্তিশালী করার লক্ষ্যে বর্তমান গণতান্ত্রিক সরকারের বহুমুখী প্রয়াস হিসেবে জলযান সংগ্রহ ও অবকাঠামো নির্মাণের জন্য মোট ০৫টি প্রকল্প বর্তমানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পসমূহের আওতায় ০৭টি ইনশোর প্যাট্রোল ভেসেল (আইপিভি), ০২টি ফাস্ট প্যাট্রোল বোট (এফপিবি), ০১টি ফ্লোটিং ক্রেন, ০২টি টাগ এবং ১৬টি হাইস্পিড বোট সংগ্রহের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। চলমান প্রকল্পসমূহের আওতায় ইতিমধ্যে ০২টি হারবার প্যাট্রোল বোট (এইচপিবি) ও ০৪টি পন্টুন নির্মাণ শেষে কোস্ট গার্ড বহরে যুক্ত হয়েছে। এছাড়াও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামোগত সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বেইস, স্টেশান ও আউটপোস্টসহ ডকইয়ার্ড, হাসপাতাল, প্রশাসনিক ভবন, নাবিক ব্যারাক ও বাসস্থান নির্মাণ করা হচ্ছে।

কোস্ট গার্ড বাহিনীর বিভিন্ন জোন, বেইস, স্টেশান, আউটপোস্ট ও এর অধীনে সর্বমোট ১৮৪৬ জন জনবল কোস্ট গার্ড বাহিনীর সাংগঠনিক কাঠামো (টিওএন্ডই) তে অন্তর্ভুক্ত হয়েছে এবং কোস্ট গার্ড বাহিনীর অনুমোদিত বেইস, স্টেশান ও আউটপোস্টের জন্য ৬৬.৩৭ একর জমি অধিগ্রহণ করা হয়েছে এবং আরও প্রয়োজনীয় জমি অধিগ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ**

কোস্ট গার্ড বাহিনীর ভূমির অপ্রতুলতা অত্যন্ত প্রকট এর ফলে এ বাহিনীর অগ্রগতি ব্যাহত হচ্ছে। এছাড়া এ বাহিনীর নিজস্ব জনবল নিয়োগের জন্য নিয়োগবিধি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা এখনো অনুমোদিত হয়নি। এজন্য এ বাহিনীর নিজস্ব জনবল নিয়োগ দেওয়া যাচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

এ বাহিনী স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা বাহিনী কর্তৃক সংশোধন করার প্রক্রিয়া চলছে। উক্ত পরিকল্পনা মোতাবেক এ বাহিনীতে নিচের বিষয়গুলো সংযুক্ত হবে ঃ

ক। দীর্ঘ সময় সমুদ্রে চলার উপযোগী বড় জাহাজ, যাতে হেলিকপ্টার ও ড্রোন থাকবে।
খ। সমুদ্রে সার্ভেইলেন্স এর জন্য মেরিটাইম প্যাট্রোল এয়ারক্রাফট, যার সাহায্যে সমগ্র ইইজেড অল্প সময়ে সার্ভেইলেন্স করা যাবে।
গ। কোস্টাল মনিটরিং সিস্টেম যার সাহায্যে উপকূলে গমনাগমনকারী জলযানের উপর তীক্ষ্ম দৃষ্টি রাখা যাবে।
ঘ হোভারক্রাফট, যার সাহায্যে দ্রুতগতিতে দুষ্কৃতিকারীদের ধাওয়া করা যাবে এবং চর, ভাসমান বস্তু ও মধ্যবর্তী স্থলভাগ ইত্যাদি সকল বাধা পেরিয়ে ধাওয়া করার কাজ চালিয়ে যাওয়া যাবে।
ঙ। ডগ স্কোয়াডসহ নারকোটিক্স ডিটেকশান টিম, যার সাহায্যে কোন জলযানে লুকায়িত মাদকদ্রব্য খোঁজে বের করা ও পরীক্ষা-নিরীক্ষা করা যাবে।
চ। নিজস্ব কমান্ডো বাহিনী, যার মাধ্যমে সুন্দরবনের লুকায়িত দস্যুদের দমন করা যাবে।
ছ। পল্যুশান কন্ট্রোল জাহাজ, যার দ্বারা কার্যকরভাবে দূষণ প্রতিরোধ করা যাবে।

**২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ**

- মানব পাচারের বিরুদ্ধে অভিযান জোরদারের মাধ্যমে আটকের সংখ্যা সর্বোচ্চ ৮০ জনের মধ্যে সীমিতকরণ।
- উপকূলবর্তী এলাকায় নিরাপত্তা বিষয়ক ২২,০০০ অভিযান পরিচালনা।
- উপকূলীয় অঞ্চলে অপরাধী আটক ২৩০ এ হ্রাসকরণ।
- উপকূলীয় অঞ্চলে জেলে অপহরণ ১০০ এ হ্রাসকরণ।
- প্রাকৃতিক বিপর্যয়ে সর্বোচ্চ ২৫ টি উদ্ধার অভিযান পরিচালনা।

# উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

এবং

সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

# সেকশান ১

## কোস্ট গার্ড বাহিনীর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ঃ

### ১.১ রূপকল্প (Vision) ঃ

নিরাপদ জলসীমা নিশ্চিতকরণ এবং জাতীয় স্বার্থ রক্ষায় অঙ্গীকারাবদ্ধ।

### ১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

বাংলাদেশের জাতীয় জলসীমা ও উপকূলীয় অঞ্চলে বনদস্যুতা/ডাকাতি দমন, অবৈধ পাচার রোধ, মৎস্য, তেল, গ্যাস ও বনজ সম্পদ রক্ষাসহ পরিবেশ দূষণ প্রতিরোধ, সমুদ্র বন্দরের নিরাপত্তা প্রদানের মাধ্যমে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তা প্রদান, প্রাকৃতিক দুর্যোগকালে উপকূলীয় এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজ পরিচালনা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

#### ১.৩.১ কোস্ট গার্ড বাহিনীর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ।
২। চোরাচালান প্রতিরোধ, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণের বিরুদ্ধে অভিযান পরিচালনা।
৩। উপকূলীয় এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ।
৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন প্রতিরোধ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
২। কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
৩। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।
৪। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৫। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

### ১.৪ কার্যাবলি (Functions) ঃ

১। বাংলাদেশের জাতীয় স্বার্থ সংরক্ষণ করা।
২। যুদ্ধকালীন সময়ে বাংলাদেশ নৌবাহিনীকে সহায়তা করা।
৩। সমুদ্র বন্দরে নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা করা।
৪। নাশকতামূলক ও সন্ত্রাসমূলক কার্যকলাপ প্রতিরোধ ও দমন করা এবং এতদুদ্দেশ্যে অন্যান্য কর্তৃপক্ষকে সহায়তা করা।
৫। বাংলাদেশের জলসীমা দিয়ে বাংলাদেশে অবৈধ অনুপ্রবেশ বা বাংলাদেশ হইতে অবৈধ গমন প্রতিরোধ করা এবং মানব পাচার প্রতিরোধ করা।
৬। প্রাকৃতিক দুর্যোগকালে ত্রাণ ও উদ্ধারকার্যে অংশগ্রহণ করা এবং দুর্ঘটনা কবলিত নৌযান, মানুষ এবং মালামাল উদ্ধার করা।
৭। কোন নৌযান বা উহাতে অবস্থানরত ব্যক্তির ব্যাপারে আদালত বা অন্যবিধ কর্তৃপক্ষের পরোয়ানা বা অন্য কোন আদেশ বলবৎ করা।
৮। পরিবেশ দূষণকারী কার্যকলাপ অনুসন্ধান এবং উহা প্রতিরোধের ব্যবস্থা করা।
৯। মাদকদ্রব্য পাচার এবং চোরাচালান প্রতিরোধ করা।
১০। অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ করা।
১১। প্রাকৃতিক দুর্যোগকালে সতর্কবাণীসহ অন্যান্য তথ্য বেতার বা অন্য কোন মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।
১২। নিয়মিত টহল দেওয়া ও এতদ্‌সম্পর্কিত দায়িত্ব পালন।
১৩। কর্মরত ব্যক্তিগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং
১৪। সময় সময়, সরকার কর্তৃক নির্দেশিত অন্য কোন দায়িত্ব সম্পাদন করা।

সেকশান ২

## কোস্ট গার্ড বাহিনীর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ঃ

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১। উপকূলীয় এলাকায় টহল অভিযান বৃদ্ধি | [১.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ২১৮০৫ | ২৪৯০০ | ২২০০০ | ২২১০০ | ২২২০০ | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন |
| | {১.২} আটককৃত অপরাধী | সংখ্যা | ২৭২ | ২২৯ | ২৩০ | ২২০ | ২১০ | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন |
| ২। উপকূলীয় এলাকায় অবৈধ কার্যকলাপ হ্রাস | [২.১] উদ্ধারকৃত অবৈধ চোরাচালান পণ্য | মূল্য (কোটি) | ৬৫.৯৬ | ২৯.৭০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন |
| ৩। অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস | [৩.১] উদ্ধারকৃত কারেন্ট জাল | বঃমিঃ (কোটি) | ১৮.৪৯ | ২১.০০ | ১৮.৫০ | ১৭.০০ | ১৬.০০ | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২] উদ্ধারকৃত জাটকা | কেজি (লক্ষ) | ১.৬৪ | ১.৫৫ | ২.২৫ | ২.১৫ | ২.০০ | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন |
| ৪। মানব পাচার রোধ | [৪.১] হ্রাসকৃত মানব পাচার | সংখ্যা | ০০ | ০০ | ৮০ | ৭০ | ৬০ | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন |

* সাময়িক

## সেকশান ৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY2 2017-2018) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| কোস্ট গার্ড বাহিনীর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ | ২৫ | {১.১}উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল অভিযান | {১.১.১}পরিচালিত অভিযান | সংখ্যা | ৭ | ২১৮০৫ | ২৪৯০০ | ২২০০০ | ২১৭৫০ | ২১৫০০ | ২১২৫০ | ২১০০০ | ২২১০০ | ২২২০০ |
| | | | {১.১.২} আটককৃত অপরাধী | সংখ্যা | ৫ | ২৭২ | ২২৫ | ২৩০ | ২৩৫ | ২৪০ | ২৪৫ | ২৫০ | ২২০ | ২১০ |
| | | | {১.১.৩} উদ্ধারকৃত অবৈধ অস্ত্র | সংখ্যা | ৪ | ৮২ | ৫৬ | ৬০ | ৬৫ | ৭০ | ৭৫ | ৮০ | ৫৫ | ৫০ |
| | | | {১.১.৪} উদ্ধারকৃত তাজা গোলা | সংখ্যা | ৩ | ১১৬০ | ১২৯ | ৪০০ | ৪৫০ | ৫০০ | ৫৫০ | ৬০০ | ৩৫০ | ৩০০ |
| | | {১.২}প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম | {১.২.১}সাড়া প্রদানকৃত সময় | মিনিট /কি:মি: | ৩ | ২.২০ | ২.২৫ | ২.২৪ | ২.২৫ | ২.২৬ | ২.২৭ | ২.২৮ | ২.২৩ | ২.২২ |
| | | | {১.২.২}দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম | সংখ্যা | ৩ | ১৩ | ১৭ | ২৫ | ২৮ | ৩০ | ৩২ | ৩৫ | ২৩ | ২০ |
| ২। চোরাচালান প্রতিরোধ, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণের বিরুদ্ধে অভিযান পরিচালনা | ২৫ | {২.১}উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম | {২.১.১} উদ্ধারকৃত অবৈধ চোরাচালান পণ্য | মূল্য (কোটি) | ৬ | ৬৫.৯৬ | ২৯.৭০ | ৪০.০০ | ৪৫.০০ | ৫০.০০ | ৫৫.০০ | ৬০.০০ | ৩৫ | ৩০ |
| | | | {২.১.২} উদ্ধারকৃত অবৈধ মাদকদ্রব্য | মূল্য (কোটি) | ৬ | ১১৪.১৭ | ৩৭০.০০ | ৮০.০০ | ৭৫.০০ | ৭০.০০ | ৬৫.০০ | ৬০.০০ | ৭৫.০০ | ৭০.০০ |
| | | | {২.১.৩} উদ্ধারকৃত অবৈধ বনজ সম্পদ | মূল্য (কোটি) | ৬ | ৬.১৬ | ৪.৬০ | ৪.৫০ | ৪.২৫ | ৪.০০ | ৩.৭৫ | ৩.৫০ | ৪.২৫ | ৪.০০ |
| | | {২.২}উপকূলীয় অঞ্চলে জেলেদের নিরাপত্তা প্রদান | {২.২.১}উদ্ধারকৃত অপহৃত বিপন্ন জেলে | সংখ্যা | ৪ | ১২০ | ৯৫ | ১০০ | ১১০ | ১২০ | ১৩০ | ১৪০ | ৯০ | ৮০ |
| | | | {২.২.২} উদ্ধারকৃত অপহৃত বোট | সংখ্যা | ৩ | ১০ | ০৭ | ১২ | ১৪ | ১৬ | ১৮ | ২০ | ১০ | ০৮ |
| ৩। উপকূলীয় এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ | ২০ | {৩.১}মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম | {৩.১.১} উদ্ধারকৃত কারেন্ট জাল | বঃমিঃ (কোটি) | ৮ | ১৮.৪৯ | ২১.০০ | ১৮.৫০ | ২০.০০ | ২১.৫০ | ২৩.০০ | ২৪.৫০ | ১৭.০০ | ১৬.০০ |
| | | | {৩.১.২} উদ্ধারকৃত অন্যান্য জাল | বঃমিঃ (কোটি) | ৫ | ২.৬০ | ৩.৬৭ | ৪.২৫ | ৪.৫০ | ৪.৭৫ | ৫.০০ | ৫.২৫ | ৪.০০ | ৩.৭৫ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY2 2017-2018) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| | | | {৩.১.৩} উদ্ধারকৃত জাটকা | কেজি (লক্ষ) | ৪ | ১.৬৪ | ১.৫৫ | ২.২৫ | ২.৪৫ | ২.৬৫ | ২.৮৫ | ৩.০৫ | ২.১৫ | ২.০০ |
| | | | {৩.১.৪} উদ্ধারকৃত চিংড়ি পোনা | পিস (কোটি) | ৩ | ৫.৯৮ | ৭.৬০ | ৭.০০ | ৭.৫০ | ৮.০০ | ৮.৫০ | ৯.০০ | ৬.৫০ | ৬.০০ |
| ৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন প্রতিরোধ | ১০ | {৪.১}উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম | {৪.১.১}হ্রাসকৃত মানব পাচার | সংখ্যা | ৬ | ০০ | ০০ | ৮০ | ১২০ | ১৬০ | ২০০ | ২৪০ | ৭০ | ৬০ |
| | | | {৪.১.২}}হ্রাসকৃত অবৈধ অনুপ্রবেশ (রোহিঙ্গা) | সংখ্যা | ৪ | ০৪ | ২০২ | ৫০ | ৬৫ | ৮০ | ৯৫ | ১১০ | ৪৫ | ৪০ |

## কোস্ট গার্ড বাহিনীর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম -১ | কলাম -২ | কলাম -৩ | কলাম -৪ | | কলাম -৫ | কলাম -৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৭-২০১৮ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রদিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম -১ | কলাম -২ | কলাম -৩ | কলাম -৪ | | কলাম -৫ | কলাম -৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৭-২০১৮ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP -সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ০৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ০১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ০১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোধিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

# অঙ্গীকারনামা

আমি, রিয়ার এডমিরাল আবু মোজাফ্ফর মহিউদ্দিন মোহাম্মদ আওরঙ্গজেব চৌধুরী, এনবিপি, ওএসপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ড. কামাল উদ্দিন আহমেদ, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

২০/০৬/২০১৭
............................................................
তারিখ

এ এম এম এম আওরঙ্গজেব চৌধুরী
রিয়ার এডমিরাল
মহাপরিচালক
বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

২০/০৬/১৭
............................................................
তারিখ

ড. কামাল উদ্দিন আহমেদ
সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

## শব্দসংক্ষেপ (Acronyms):

| ক্রমিক | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| ১ | বি সি জি | বাংলাদেশ কোস্ট গার্ড |
| ২ | ডি জি | ডাইরেক্টর জেনারেল |
| ৩ | ডি ডি জি | ডেপুটি ডাইরেক্টর জেনারেল |
| ৪ | জেড সি ই | জোনাল কমান্ডার ইস্ট |
| ৫ | জেড সি ডব্লিউ | জোনাল কমান্ডার ওয়েস্ট |
| ৬ | জেড সি এস | জোনাল কমান্ডার সাউথ |
| ৭ | জেড সি ডি | জোনাল কমান্ডার ঢাকা |
| ৮ | সি জি এস | কোস্ট গার্ড শিপ |
| ৯ | সি জি বি | কোস্ট গার্ড বেইস |
| ১০ | ও পি ভি | অফশোর পেট্রোল ভেসেল |
| ১১ | আই পি ভি | ইনশোর পেট্রোল ভেসেল |
| ১২ | সি পি ভি | কোস্টাল পেট্রোল ভেসেল |
| ১৩ | আর পি ভি | রিভারাইন পেট্রোল ভেসেল |
| ১৪ | এফ পি ভি | ফাস্ট পেট্রোল ভেসেল |
| ১৫ | এইচ পি বি | হারবার পেট্রোল বোট |
| ১৬ | এইচ এস বি | হাইস্পিড বোট |

## সংযোজনী ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা এবং পরিমাপণ পদ্ধতি এর বিবরণ ঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল অভিযান | [১.১.১] পরিচালিত অভিযান | দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.২] আটককৃত অপরাধী | দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনার মাধ্যমে সংশ্লিষ্ট অপরাধীকে চিহ্নিত ও আটক করে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.৩] উদ্ধারকৃত অবৈধ অস্ত্র | সুন্দরবনসহ দেশের উপকূলীয় এলাকায় ডাকাতি ও বনদস্যুতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.৪] উদ্ধারকৃত তাজা গোলা | সুন্দরবনসহ দেশের উপকূলীয় এলাকায় ডাকাতি ও বনদস্যুতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম | [১.২.১] সাড়া প্রদানকৃত সময় | প্রাকৃতিক দুর্যোগ এবং দুর্ঘটনায় জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস করার লক্ষ্যে প্রতিটি দুর্যোগ ও দুর্ঘটনায় কোস্ট গার্ড বাহিনীর জাহাজ ও হাইস্পিড বোটসমূহের মাধ্যমে যথাসময়ে ঘটনাস্থলে পৌছে দুর্যোগ প্রতিরোধসহ উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | [১.২.২] দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম | কোস্ট গার্ড বাহিনীর জাহাজ ও আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোটসমূহের মাধ্যমে যথাসময়ে ঘটনাস্থলে পৌছে তাৎক্ষণিকভাবে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম | [২.১.১] উদ্ধারকৃত অবৈধ চোরাচালান পণ্য | উপকূলীয় অঞ্চলে চোরাচালান প্রতিরোধে দিবারাত্রি কোস্ট গার্ড বাহিনীর জাহাজ ও বোটসমূহের মাধ্যমে টহল প্রদান করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.২] উদ্ধারকৃত অবৈধ মাদকদ্রব্য | দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে উপকূলীয় অঞ্চলসমূহে কোস্ট গার্ড বাহিনীর টহল কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে অবৈধভাবে মাদকদ্রব্য পাচার প্রতিরোধ করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | {২.১.৩} উদ্ধারকৃত অবৈধ বনজ সম্পদ | সুন্দরবনসহ দেশের উপকূলীয় অঞ্চলে বনজ সম্পদ রক্ষায় নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {২.২}উপকূলীয় অঞ্চলে জেলেদের নিরাপত্তা প্রদান | {২.২.১}উদ্ধারকৃত অপহৃত বিপন্ন জেলে | সুন্দরবনসহ দেশের উপকূলীয় এলাকায় জেলেদের নিরাপত্তার জন্য নিয়মিত কোস্ট গার্ড বাহিনীর অভিযান কার্যক্রম পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {২.২.২} উদ্ধারকৃত অপহৃত বোট | কোস্ট গার্ড বাহিনীর টহলরত জাহাজ ও বোট দ্বারা বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে কর্মরত জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {৩.১}মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম | {৩.১.১} উদ্ধারকৃত কারেন্ট জাল | দেশের সামগ্রিক মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপকূলীয় অঞ্চলে দিবা-রাত্রি জাহাজ ও বোট পেট্রোলের মাধ্যমে অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৩.১.২} উদ্ধারকৃত অন্যান্য জাল | বাংলাদেশের উপকূলীয় অঞ্চলসহ বঙ্গোপসাগরে বাংলাদেশের জলসীমায় সামুদ্রিক মৎস্য সম্পদ রক্ষায় নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৩.১.৩} উদ্ধারকৃত জাটকা | ইলিশ মাছ রক্ষায় জাটকা নিধন প্রতিরোধ ও মা ইলিশ সংরক্ষণ অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৩.১.৪} উদ্ধারকৃত চিংড়ি পোনা | দেশের সামগ্রিক মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবৈধভাবে চিংড়ি পোনা নিধনরোধে নিয়মিত টহল ও নজরদারি বৃদ্ধি করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {৪.১}উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম | {৪.১.১}হ্রাসকৃত মানব পাচার | দেশের উপকূলীয় এলাকায় মানব পাচার রোধে নিয়মিত টহল পরিচালনা করা হয় এবং টহল কার্যক্রম সংক্রান্ত রিপোর্টের ভিত্তিতে নিরাপত্তা কার্যক্রম জোরদার করা হয়। এছাড়া কোস্ট গার্ড বাহিনীর পেট্রোল ক্রাফট এবং আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোট সার্বক্ষণিক অবৈধভাবে সমুদ্রপথে মানব পাচার প্রতিরোধে টহলে নিয়োজিত রয়েছে | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৪.১.২}}হ্রাসকৃত অবৈধ অনুপ্রবেশ (রোহিঙ্গা) | উপকূলীয় এলাকায় অবৈধ অনুপ্রবেশরোধে নিয়মিত টহল পরিচালনা করা হয় এবং টহল কার্যক্রম সংক্রান্ত রিপোর্টের ভিত্তিতে নিরাপত্তা কার্যক্রম জোরদার করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩ ঃ কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ পুলিশ | উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল অভিযান | আটককৃত মালামাল ও অপরাধী | আটককৃত মালামাল ও অপরাধী গ্রহণ ও উপকূলীয় অঞ্চলের চিহ্নিত অপরাধীদের গ্রেফতারকরণ | উপকূলীয় অঞ্চলের অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা | অপারেশানাল কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি ও উপকূলীয় অঞ্চলে অপরাধ প্রবণতা হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| বর্ডার গার্ড বাংলাদেশ | উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম | মানব পাচার হ্রাসকরণ | মানব পাচার প্রতিরোধে তথ্যের আদান প্রদানসহ যৌথ অভিযান পরিচালনা | মানব পাচার প্রতিরোধে বাহিনীর মধ্যে অবাধ তথ্যের আদান-প্রদান ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সঠিক সময়ে সঠিক তথ্যের ভিত্তিতে বাহিনীর দ্রুত পদক্ষেপেই মানব পাচারের হার কমবে | মানব পাচার রোধে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| মৎস্য অধিদপ্তর | মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম | অবৈধ মৎস্য আহরণ | অবৈধ মৎস্য আহরণরোধে মৎস্যজীবীদের আর্থিক প্রণোদনামূলক বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থাকরণ | মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান তৈরি না হলে নিষিদ্ধ মৌসুমে মৎস্যজীবীরা অবৈধভাবে মৎস্য আহরণ করতে পারে | অবৈধ মৎস্য আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| বন বিভাগ | উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম | বনজ সম্পদ সংরক্ষণ | আটককৃত বনজ সম্পদ গ্রহণ এবং বনজ সম্পদের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থান ও বনজ সম্পদ রক্ষায় উদ্বুদ্ধকরণ | বনজ সম্পদ রক্ষায় সহযোগিতা বৃদ্ধি পাবে | অবৈধভাবে বনজ সম্পদ আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম | অবৈধ মাদ্রকদ্রব্য | আটককৃত অবৈধ মাদ্রকদ্রব্য গ্রহণ ও যৌথ অভিযান পরিচালনা | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে যৌথ অভিযান পরিচালনায় মাদকদ্রব্য উদ্ধার অভিযান গতিশীল হবে | মাদকদ্রব্য পাচার হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |